



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ এপ্রিল ২০২৪খ্রিঃ

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা শুরু হতে যাচ্ছে আগামী ২৭ এপ্রিল ২০২৪ তারিখ থেকে। ইতোমধ্যেই ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ভর্তি পরীক্ষায় আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণসহ সার্বিক বিষয়াদি নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ২৪ এপ্রিল ২০২৪ তারিখ সকাল ১০ টায় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে সভাটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, প্রক্টর ড. আব্দুল কাইউম, নেটওয়ার্কিং এন্ড আইটি শাখার পরিচালক ড. রাহাত হোসাইন ফয়সাল, সহকারী প্রক্টর ড. মোহাম্মদ মাহফুজ আলম, সহকারী প্রক্টর ফরহাদ উদ্দীনসহ স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন ও সরকারের বিভিন্ন গোয়েন্দা সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বরিশাল বাসীসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। উল্লেখ্য যে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় ৬টি অনুষদের অধীন ২৫টি বিভাগে আসন সংখ্যা ১৫৭০ টি। মোট পরীক্ষার্থীর সংখ্যা ১০১৩৭ জন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়